দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

## ১২ দফা দাবীতে আন্দোলন

# ঢাকা কলেজের সামনে ছাত্রদের রাস্তায় ব্যারিকেড, যানবাহন ভাংচুর ॥ মারামারিতে ৬ জন আহত

**ইত্তেফাক রিপোর্ট** ॥ ঢাকা কলেজের ছাত্রদের এইচএসসি'র পরীক্ষার কেন্দ্র পরিবর্তন, ছাত্র ভর্তি সমস্যা নিরসন ও ফলাফল বিপর্যয়ের ঘটনা তদন্তসহ ১২ দফা দাবীতে গতকাল রবিবার কলেজের ছাত্ররা মিছিল নিয়া প্রধান সড়কে গিয়া ব্যারিকেড দিয়া যানবাহন ভাংচুর শুরু করে। পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।

পরে কলেজের ছাত্রদের মধ্যে মারামারিতে ৬ জন আহত হয় বলিয়া পুলিশ জানায়। ছাত্র সংগঠনসমূহের নেতৃবৃন্দ কলেজের অব্যবস্থার জন্য কর্তৃপক্ষকে দায়ী করিয়াছে। কর্তৃপক্ষ বলেন, এইসব দাবীর মধ্যে এমন সব দাবী রহিয়াছে, তাহা মানিয়া নেওয়া সম্ভব নয় এবং যে সমস্ত দাবী তাহাদের এখতিয়ারভুক্ত উহা তাহারা মানিয়া নিবেন। ঢাকা কলেজ ছাত্র সংগঠনসমূহের বিরাজমান ক্ষোভ ও উত্তেজনা এবং মারামারির অন্তরালে রহিয়াছে অবৈধভাবে ছাত্র ভর্তির সুযোগ করিয়া দেওয়া। এই সুযোগ লাভের জন্য ছাত্রলীগ, ছাত্রদল ও ছাত্র ইউনিয়ন ঐক্য গঠন করিয়াছে বলিয়া অভিযোগ রহিয়াছে। আসলে যে যে দলই করুক না কেন সেখানে তাহাদের ব্যবসা একটাই। তাহা হইল অবৈধভাবে ছাত্র ভর্তির ব্যবসায়। ইহাদের চাপে আলাদাভাবে ছাত্র ভর্তির সুযোগ দেওয়া হইত। এক্ষেত্রে মেধার মূল্যায়ন হইত না। বর্তমান কর্তৃপক্ষ অবৈধভাবে ছাত্র ভর্তির দাবী প্রত্যাখ্যান করায় ছাত্ররা বিভিন্ন ইস্যু তৈয়ারী করিয়া আন্দোলনের পাঁয়তারা করিতেছে বলিয়া একজন কর্মকর্তা জানান।

গতকাল দুপুরে শতাধিক ছাত্র মিছিল

(১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## ঢাকা কলেজের সামনে

(শেষ পৃষ্ঠার পর)

নিয়া কলেজ চত্বর হইতে প্রধান সড়কে গিয়া ব্যারিকেড দেয় এবং যানবাহন ভাংচুর শুরু করে। পরে পুলিশের হস্তক্ষেপে তাহারা ব্যারিকেড তুলিয়া পুনরায় কলেজ ক্যাম্পাসে আসিয়া মিছিল শুরু করে। এক পর্যায় ছাত্রাবাস এলাকায় গেলে তাহাদের উপর একদল ছাত্র হামলা চালায়।

ছাত্র নেতাদের হস্তক্ষেপে পরিস্থিতি শান্ত হয়। পরে ছাত্রঐক্যের আহ্বানে শহীদ মিনার চত্বরে এক সমাবেশের আয়োজন করা হয়। সমাবেশে ছাত্রলীগ, ছাত্রদল ও ছাত্র ইউনিয়ন নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। নেতৃবৃন্দ বিডিআর ক্যাম্পাসের রাইফেলস স্কুল ও কলেজে তাহাদের এইচএসসি'র কমার্স ও কলা বিভাগের পরীক্ষার কেন্দ্র বাতিল করিয়া অন্য যে কোন কেন্দ্রে স্থানান্তর করার দাবী জানান। তাঁহারা বলেন, রাইফেলস্ কলেজে যে পরিবেশে ছাত্ররা পরীক্ষা দেয় ইহাতে বেশীরভাগ ছাত্রের উপর মানসিক চাপ পড়ে। এই বছর কলেজের এইচএসসি'র ফলাফল বিপর্যয়ের জন্য কলেজ কর্তৃপক্ষকে দায়ী করিয়া উহার সুষ্ঠু তদন্ত করার দাবী জানান। দীর্ঘদিন কলেজের বন্ধ ক্যান্টিনটি খুলিয়া দেওয়ার এবং পুকুরে বর্জ্য পরিষ্কার করা র াবী জানান। কলেজ কর্তৃপক্ষ বলেন, ১৯৪১ সালে প্রতিষ্ঠিত কলেজ ভবনটি সম্প্রসারণ করার কোন সুযোগ নাই এবং ছাত্রদের স্থান সংকুলান নিয়া নিদারুণ সমস্যা হইতেছে। কলেজ চত্বরে বিপুল পরিমাণ খালি জায়গা রহিয়াছে এবং নূতন ভবন নির্মাণ করিয়া বিভিন্ন বিভাগ সম্প্রসারণ করা জরুরী প্রয়োজন।

ছাত্রঐক্যের ১২ দফা দাবীর মধ্যে রহিয়াছে উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল বিপর্যয়ের তদন্ত, দুর্নীতি ও অনিয়মের কারণে ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান আবু ইউসুফের অপসারণ, উচ্চ মাধ্যমিক কেন্দ্র পরিবর্তন, ক্যান্টিন চালু, ছাত্রাবাসের খাবারের মান উন্নয়ন, টেলিফোন সার্ভিস সচল, অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও বিভাগীয় প্রধানদের তত্ত্বাবধানে নিয়মিত ক্লাস, শিক্ষকদের সন্তানদের ভর্তির সুবিধা, কলেজের পরিবেশ রক্ষার জন্য ছাত্র নেতৃবৃন্দের নিয়া কমিটি গঠন, ভর্তি সংক্রান্ত সমস্যা আলোচনার মাধ্যমে সমাধান ইত্যাদি।